# AKASHVANI (AIR)
# RNU : KOLKATA
# Bengali Text Bulletin

**Date 09-02-2025** **Time: 7-50 P.M.**

-

## বিশেষ বিশেষ খবরঃ–

১) রাজ্যপাল সি ভি আনন্দ বোসের অভিভাষণের মধ্য দিয়ে রাজ্য বিধানসভার বাজেট অধিবেশন শুরু হচ্ছে আগামীকাল।

২) রাজ্যে মাধ্যমিক পরীক্ষা শুরু হচ্ছে আগামীকাল, চলবে ২২-শে ফেব্রুয়ারী পর্যন্ত।

একই সঙ্গে শুরু হচ্ছে মাদ্রাসা পরীক্ষা।

৩) প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী পরীক্ষা পে চর্চা অনুষ্ঠানে পড়ুয়া-শিক্ষক-শিক্ষিকা ও অভিভাবকদের সঙ্গে আগামীকাল মত বিনিময় করবেন।

৪) কেন্দ্রীয় শিক্ষামন্ত্রী ধর্মেন্দ্র প্রধান বলেছেন, এবারের বাজেটে সরকার দেশের মধ্যবিত্ত সমাজের জন্য বড় উদ্যোগ নিয়েছে।

৫) অভয়ার জন্মদিন উপলক্ষ্যে, আর জি করের ঘটনায় ন্যায় বিচারের দাবিতে, কলকাতায় মৌন মিছিল, রাজ্যের অন্যত্র নানা কর্মসূচী পালন করা হয়েছে।

৬) ৪৮-তম আন্তর্জাতিক কলকাতা বইমেলা আজ শেষ হচ্ছে।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০

রাজ্যপাল সি ভি আনন্দ বোসের অভিভাষণের মধ্য দিয়ে রাজ্য বিধানসভার বাজেট অধিবেশন শুরু হচ্ছে আগামীকাল। অধিবেশনে প্রয়াত প্রাক্তন প্রধানমন্ত্রী ডক্টর মনমোহন সিং- এর প্রতি শ্রদ্ধা জানাতে একটি প্রস্তাব আনা হবে।

আগামী মঙ্গলবার ( ১১ই ফেব্রুয়ারি) এই প্রস্তাব নিয়ে হবে আলোচনা।

১২ তারিখ, বুধবার অর্থমন্ত্রী চন্দ্রিমা ভট্টাচার্য্য বিধানসভায় রাজ্য বাজেট পেশ করবেন।

পর দিন রাজ্যপালের ভাষণের উপর আলোচনা হবে।

১৮ ও ১৯ তারিখ বিধানসভায় বাজেট নিয়ে আলোচনা হবে বলে খবর।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০

এদিকে, বাজেট অধিবেশনের আগে তৃণমূল কংগ্রেস পরিষদীয় দল বৈঠকে বসবে। দলের প্রধান মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জীর পৌরোহিত্যে বিধানসভার নৌসর আলী কক্ষে প্রস্তাবিত এই বৈঠকে উপস্থিত থাকার জন্য দলের সব বিধায়কদের হুইপ জারি করা হয়েছে। বাজেট অধিবেশনে বিধায়কদের ভূমিকা, মন্ত্রী ও সদস্যদের সঠিক সময়ে উপস্থিতি নিয়ে এই বৈঠকে আলোচনা হবে বলে দলীয় সূত্রে জানা গেছে। নিষ্ক্রিয় বিধায়ক এবং দলের নীতি লঙ্ঘন করে দল বিরোধী মন্তব্য বা কাজ করা বিধায়কদের সতর্ক করা হতে পারে বলে মনে করা হচ্ছে।

উল্লেখ্য বর্তমানে বিধানসভায় তৃণমূল কংগ্রেসের ২২১ জন সদস্য রয়েছেন।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০

রাজ্যে মাধ্যমিক পরীক্ষা শুরু হচ্ছে আগামীকাল। চলবে ২২ শে ফেব্রুয়ারি পর্যন্ত। এবার দু'হাজার ৬৮৩টি কেন্দ্রে মোট ৯ লক্ষ ৮৪ হাজার ৭৫৩ জন পরীক্ষা দেবে। এর মধ্যে ৫ লক্ষ ৫৫ হাজার ৯৫০ জন ছাত্রী। পরীক্ষার্থীদের সুবিধার্থে যোগাযোগের বিশেষ ব্যবস্থা করা হয়েছে।

এবিষয়ে আকাশবাণী সংবাদের একটি প্রতিবেদন –

(ভয়েসকাস্ট – অভিরূপ)

০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০

রাজ্যে মাদ্রাসা পরীক্ষাও শুরু হচ্ছে আগামীকাল থেকে। পরীক্ষা চলবে ২৫ শে ফেব্রুয়ারী পর্যন্ত। এবছর মোট পরীক্ষার্থীর সংখ্যা ৬৫ হাজার ৪ জন। মোট পরীক্ষা কেন্দ্রের সংখ্যা ২০৬ টি। এবছর, হাই মাদ্রাসায় ৪৭ হাজার ৩৭৬ জন, আলিম পরীক্ষায় ১২ হাজার ৫০৩ ও ফাজিল পরীক্ষায় ৫ হাজার ১২৫ জন পরীক্ষার্থী রয়েছে।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক পরীক্ষার্থীদের যাতায়াতের সুবিধার জন্য পূর্ব রেলের হাওড়া ডিভিশনে ,পরীক্ষার দিনগুলিতে হাওড়া -আজিমগঞ্জ -হাওড়া গণদেবতা এক্সপ্রেস এবং আজিমগঞ্জ -হাওড়া কবিগুরু এক্সপ্রেস, নলহাটি- আজিমগঞ্জ সেকশনের লোহাপুর স্টেশনে এক মিনিট করে স্টপেজ দেওয়ার সিদ্ধান্ত নেওয়া হয়েছে।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০০

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী ‘পরীক্ষা পে চর্চা’ অনুষ্ঠানে পড়ুয়া, শিক্ষক-শিক্ষিকা এবং অভিভাবকদের সঙ্গে আগামীকাল মত বিনিময় করবেন। নতুন দিল্লির ভারত মন্ডপমে আয়োজিত এই অনুষ্ঠানের জন্য সমস্ত রাজ্য ও কেন্দ্রশাসিত অঞ্চলে ৩৬ জন পড়ুয়াকে নির্বাচিত করা হয়েছে।

আগামীকাল, সকাল ১১-টা থেকে গীতাঞ্জলী, সঞ্চয়িতা এবং এফ এম গোল্ড প্রচারতরঙ্গে একযোগে এই অনুষ্ঠান শোনা যাবে। অনুষ্ঠানটির বাংলা অনুবাদ প্রচারিত হবে ঐ দিনই রাত সাড়ে ৯ টায় আকাশবানী কলকাতার গীতাঞ্জলী এবং এফ এম গোল্ড প্রচারতরঙ্গে। কলকাতা থেকে প্রচারিত এই অনুষ্ঠান, বিভিন্ন রিলে কেন্দ্র থেকে সম্প্রচার করা হবে।

এছাড়াও আকাশবাণী, দূরদর্শন, স্বয়ম, স্বয়মসভা, পিএমও, ইউটিইউ চ্যানেল, শিক্ষা ও তথ্য সম্প্রচার মন্ত্রকের সোস্যাল মিডিয়া চ্যানেলেও অনুষ্ঠানটি সম্প্রচারিত হবে।

oooooooooooooooooooooo

কেন্দ্রীয় সরকার চলতি বাজেটে দেশের মধ্যবিত্ত সমাজের জন্য বিরাট উদ্যোগ নিয়েছে বলে কেন্দ্রীয় মন্ত্রী ধর্মেন্দ্র প্রধান দাবি করেছেন। কলকাতায় আজ এক সাংবাদিক বৈঠকে কেন্দ্রীয় শিক্ষা মন্ত্রী বলেন,বছরে ১২লক্ষ টাকা পর্যন্ত আয়ে কর ছাড় দিয়ে মধ্যবিত্তদের আবেগকে গুরুত্ব দেওয়া হয়েছে। তিনি বলেন, এই বাজেট, বৃদ্ধি কেন্দ্রিক। বাজেটে প্রাইভেট সেক্টর বিশেষ সুবিধা পাবে এবং তাদেরও বিনিয়োগে অগ্রগতি আসবে। এছাড়া বিকশিত ভারতের জন্য দেশের যে ক্ষেত্রগুলি গুরুত্বপূর্ণ সেই কৃষি, শিক্ষা,স্বাস্থ্য,পানীয় জল, এমএসএমই সব ক্ষেত্রেই বিশেষ নজর দেওয়া হয়েছে।

ooooooooooooooooooooooo

অভয়ার জন্মদিন উপলক্ষ্যে, আর জি করের ঘটনায় ন্যায় বিচারের দাবিতে, কলকাতার কলেজ স্কোয়ার থেকে আর জি কর মেডিক্যাল কলেজ অবধি আজ এক মৌন মিছিলের আয়োজন করা হয়। চিকিৎসক, চিকিৎসক সংগঠন সহ সমাজের সকল স্তরের মানুষ অংশ নেয় এতে। মিছিলে অংশগ্রহণকারীদের মুখে কালো কাপড় ও হাতে প্ল্যাকার্ড নিয়ে বিচারের দাবিতে হাঁটতে দেখা যায়।

আর জি কর হাসপাতালে পৌঁছনোর পর মিছিলটিকে পুলিশ ও সি আই এস এফ আটকে দেয়। এনিয়ে বাক্ বিতন্ডা শুরু হয়। পরে এক এক করে মিছিলে অংশগ্রহণকারীরা হাসপাতালে ঢুকে অভয়ার প্রতি শ্রদ্ধা জানান।

অভয় মঞ্চের তরফে জানানো হয় আগামীকাল মাধ্যমিক পরীক্ষার কথা মাথায় রেখে সমাবেশ নীরব রাখার সিদ্ধান্ত নেওয়া হয়েছে। পরে আর জি কর মেডিকেল কলেজে অঙ্গীকার জমায়েত করা হয়।

এছাড়াও, রাজ্যের ২০০ টি জায়গায় প্রতিবাদ কর্মসূচি পালন করা হচ্ছে।

এদিকে, পানিহাটী পৌরসভার মহেন্দ্রনগর ও পার্থপুর এলাকায় চলছে অভয়া ক্লিনিক। ওয়েস্ট বেঙ্গল জুনিয়র ডক্টর ফ্রন্টের পক্ষ থেকে নিখরচায় চিকিৎসা পরিষেবা দেওয়া হচ্ছে। চলবে আজ রাত ৯ টা পর্যন্ত। মেয়ের জন্মদিন উপলক্ষ্যে এই চিকিৎসা পরিষেবা প্রদান কর্মসূচি বলে জানিয়েছেন অভয়ার বাবা।

(বাইট)

এদিকে, মেদিনীপুর শহরের পঞ্চুরচকে আজ আর জি করের ঘটনার প্রতিবাদে প্রতিকী অনশন করা হয়। এছাড়াও ফুলের চারাগাছ বিতরণ করা হয়। সন্ধ্যায় অভয়ার স্মৃতিতে একটি মশাল মিছিল শহর পরিক্রমা করে।

বর্ধমান শহরের কার্জন গেটে আজ মহিলারা এই ঘটনার প্রতিবাদে মশাল মিছিলে সামিল হন।

অভয়ার জন্মদিনে আজ বারাসাত রবীন্দ্রভবনে তাঁর অবক্ষমুর্তিতে মাল্যদান করেন সি পি আই এম রাজ্য সম্পাদক মহম্মদ সেলিম। সেখানে উপস্থিত সকলেই অভয়ার বিচার নিয়ে একটি শপথবাক্য পাঠ করেন।

বিজেপি-র রাজ্য সভাপতি সুকান্ত মজুমদার আজ প্রয়াগরাজে পুন্যস্নানের পর অভয়ার স্মৃতি তর্পন করেন। তিনি অভয়ার স্মৃতিতে একটি বৃক্ষরোপনও করে।

উত্তর ২৪ পরগনার পানিহাটির মহেন্দ্র নগরে অভয়ার বাড়ির কাছে এক সভায় অংশ নিয়ে বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী বলেন, ন্যায় বিচারের দাবিতে আন্দোলনকে থামানো যাবে না। নির্যাতিতার জন্য ন্যায় বিচার না পাওয়া পর্যন্ত রাজনীতির ঊর্দ্ধে উঠে সংশ্লিষ্ট সকলকে তাঁর পরিবারের পাশে দাঁড়ানোর আহ্বান জানান তিনি।

oooooooooooooooooooooooo

রাজ্যের পুর ও নগর উন্নয়ন মন্ত্রী  তথা কলকাতা পুরসভার মেয়র ফিরহাদ হাকিম আজ নারকেলডাঙার ভস্মীভূত বস্তি এলাকা পরিদর্শন করেন। মেয়রকে ঘিরে প্রবল বিক্ষোভ দেখাতে থাকে অগ্নিকাণ্ডে ক্ষতিগ্রস্ত বস্তিবাসীরা। স্থানীয় কাউন্সিলর এর বিরুদ্ধে ক্ষোভ উগরে দেয় তারা। দমকলের গাড়ি অনেক দেরিতে এসেছে বলেও তাদের অভিযোগ ।সেইসঙ্গে পুলিশের বিরুদ্ধেও তারা ক্ষোভ প্রকাশ করেন। সাংবাদিকদের প্রশ্নের জবাবে রাজ্যের পুর ও নগর উন্নয়নমন্ত্রী তথা কলকাতা পুর সভার মেয়র ফিরহাদ হাকিম বলেন, গরিব, ক্ষতিগ্রস্ত মানুষের পাশে সরকার আছে।

(বাইট – হাকিম)

oooooooooooooooooooooooooo

কলকাতার নিউটাউনে লোহা ব্রীজের কাছে নাবালিকার মৃত দেহ উদ্ধারের ঘটনায় আজ ভোরে পুলিশ এক টোটো চালককে গ্রেফতার করেছে। গত বৃহস্পতিবার থেকে ওই নাবালিকা নিখোঁজ ছিল। পরদিন তার মৃতদেহ উদ্ধার করা হয়। পুলিশ জানিয়েছে, সিসিটিভি ফুটেজ দেখেই অভিযুক্ত টোটো চালককে ধরা হয়েছে। আদালত আজ তাকে ১০ দিনের পুলিশ হেফাজতের নির্দেশ দিয়েছে। ওই নাবালিকাকে ধর্ষণ করে খুন করা হয়েছে বলে পুলিশ জানিয়েছে। এবিষয়ে বিধাননগর কমিশনারেটের অধীনে ডিসি নিউটাউন মানব সিংলা তদন্তের অগ্রগতি নিয়ে জানিয়েছেন।

(বাইট - ডিসি)

ooooooooooooooooooooo

৪৮-তম আন্তর্জাতিক কলকাতা বইমেলা আজ শেষ হচ্ছে। সমাপ্তি অনুষ্ঠানে পাবলিসার্স অ্যান্ড বুকসেলার্স গিল্ডের কর্মকর্তারা ছাড়াও প্রকাশন জগতের বিশিষ্ট ব্যক্তিরা উপস্থিত রয়েছেন। এবারের মেলায় ছোটো – বড় মিলিয়ে এক হাজার স্টল ছিল। এবারের থিম কান্ট্রি হিসাবে মেলায় অংশ নেয় জার্মানি। বিশ্ব বিখ্যাত জার্মান সাহিত্যিক

গ্যাটে ও জার্মান ভারততত্ত্ববিদ ম্যাক্সমুলারের স্মরণে বই মেলায় দুটি প্রবেশ দ্বার নির্মাণ করা হয়েছিল। এবারই প্রথম বাংলাদেশের কোন প্যাভিলিয়ান মেলায় ছিল না।

সাহিত্যিক আবুল বাসারকে জীবনকৃতি সম্মান ও পরিচালক অভিনেতা সঙ্গীত শিল্পী অঞ্জন দত্তকে এবারের মেলায় সমরেশ মজুমদার স্মৃতি পুরস্কার দিয়ে সম্মানিত করা হয়। মেলার সমাপ্তি নিয়ে আকাশবাণীর একটি প্রতিবেদন –

(ভয়েসকাস্ট – অভিজিৎ)

oooooooooooooooooooooooo

oooooooooooooooooooooooo